



ঢাকা বিশ্ববিদ্যালয়
নিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ৫০,০০০-৭১,২০০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর উপ-গ্রন্থাগারিক শূন্য পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীকে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ স্নাতকোত্তর পাশ হতে হবে। শিক্ষা জীবনে কোনো স্তরেই কোনোভাবে ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ/সিজিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম) গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে গ্রন্থাগার/প্রশাসনিক কাজে অফিসার পদে ১৪(চৌদ্দ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন এবং স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। তবে অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে উল্লিখিত বিষয়ে স্নাতকোত্তর পাশসহ ১০(দশ) বছর অথবা স্নাতক (সম্মান) পাশসহ ১২(বারো) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বি.এড/এম.এড ডিগ্রিধারী অথবা চাকরির অভিজ্ঞতা সম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কসিট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্ত দরখাস্ত আগামী ১৪-০৫-২০২৪ তারিখের মধ্যে পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট পৌঁছাতে হবে।